

জকসুর তপশিল ঘোষণা আজ

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০৫ নভেম্বর ২০২৫, ০৭:০০



আনুষ্ঠানিকভাবে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ নির্বাচনের (জকসু) তপশিল ঘোষণা করা হবে আজ বুধবার। এদিন একই সঙ্গে নির্বাচনের চূড়ান্ত আচরণবিধি প্রকাশ করা হবে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

মঙ্গলবার দুপুর বারোটোর দিকে এ তথ্য নিশ্চিত করেন প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মোস্তফা হাসান।

অধ্যাপক ড. মোস্তফা হাসান বলেন, বুধবার (৫ নভেম্বর) জকসু নির্বাচনের তপশিল ঘোষণা করা হবে। তখন নির্বাচনের তারিখ জানা যাবে। আমরা বুধবার নির্বাচনের আচরণবিধিও চূড়ান্তভাবে প্রকাশ করবো। আমরা তপশিল এবং আচরণবিধি নিয়ে কাজ করছি। আপাতত এর চেয়ে বেশি কিছু বলতে চাই না। বুধবার আনুষ্ঠানিক ব্রিফিং-এ বিস্তারিত সবকিছু জানানো হবে।

বিভিন্ন ছাত্র সংগঠনের দাবি দাওয়ার বিষয়ে কমিশনের অবস্থান জানতে চাইলে অধ্যাপক ড. মোস্তফা হাসান বলেন, আমরা তাদের তাদের দাবিগুলো শুনেছি। তবে এ বিষয়ে অতিরিক্ত কোনো কথা বলা সমীচীন মনে করছি না।

এর আগে ৩০ অক্টোবর রাতে জকসু নির্বাচনের খসড়া আচরণবিধি প্রকাশ করা হয়। এতে প্রার্থী হওয়ার ক্ষেত্রে ডোপটেষ্ট বাধ্যতামূলক করা হয়। গত রোববার আচরণবিধি ও নির্বাচনের তারিখের বিষয়ে মতামত জানতে ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ ও সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করে নির্বাচন কমিশন।

গত ২৯ অক্টোবর সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোস্তফা হাসানকে প্রধান নির্বাচন কমিশনার করে জকসু নির্বাচনের জন্য পাঁচ সদস্যের নির্বাচন কমিশন গঠন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

সহকারী নির্বাচন কমিশনার হিসেবে রয়েছেন আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শহিদুল ইসলাম, পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কানিজ ফাতেমা কাকলি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মো. জুলফিকার মাহমুদ এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আনিসুর রহমান।